২০২৩-২০২৪ অর্থবছর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও।

| | | |
|---|---|---|
| বিষয় | : | জানুয়ারি- ২০২৪খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোঃ জিয়াউল হাসান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও। |
| তারিখ | : | ২২ জানুয়ারি, ২০২৪খ্রিঃ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মাননীয় জাতীয় সংসদ সদস্য, জনাব মোঃ মাজহারুল ইসলাম-এমপি ঠাকুরগাঁও-২ মহোদয়কে স্বাগত জানান। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহ অন্যান্য সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর মহোদয়কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। সভায় পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হলে তাতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র হাসপাতালে সুইপারের পদ আছে ০৫টি কিন্তু পদায়ন আছে মাত্র ০১ জন একজনা দ্বারা হাসপাতাল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা সম্ভব হচ্ছে না। যার ফলে রোগীদের সেবা দিতে সমস্যা হচ্ছে। উপজেলা থেকে স্বল্প বেতনে সুইপার রাখা হয়েছিল কিন্তু বেতন কম হওয়ায় তিনি আর কাজ করেননি। অত্র হাসপাতালে পানির লাইনের সমস্যা রয়েছে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হলেও কোন ব্যবস্থা নেওয়া হয়নি। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রাণি সম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও। |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ক্লাইমেট প্রকল্পের আওতায় প্রদর্শনী কার্যক্রম চলমান রয়েছে। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর। |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ০২ নং আমগাঁও ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি পুনরায় নির্মাণ করা বিশেষ প্রয়োজন। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর। |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর |
| মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, অষ্টম শ্রেণির পাঠ্যপুস্তক এখনো পাওয়া যায়নি। প্রাপ্তী সাপেক্ষে দ্রুত শিক্ষার্থীদের মাঝে বিতরণের ব্যবস্থা করা হবে। ৫২ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমিতির শীতকালীন খেলাধুলা প্রতিযোগিতা ২০২৪ আয়োজন করা হয়েছে। ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের জন্য পুরষ্কার ক্রয় ও বিভিন্ন ব্যয় নির্বাহের নিমিত্তে অতিরিক্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ক্রীড়া প্রতিযোগিতার পুরষ্কার ক্রয় ও বিভিন্ন ব্যয় বাবদ অতিরিক্ত ব্যয় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা | ৫২ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমিতির শীতকালীন খেলাধুলা প্রতিযোগিতা ২০২৪ আয়োজনের পুরষ্কার ক্রয়সহ বিভিন্ন | ১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২.উপজেলা নির্বাহী |

<table>
<tr>
<td></td>
<td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য আর্থিক সাহায্য প্রদানে সভাপতি মহোদয়ের নিকট আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় উপজেলা কৃষি অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার জানান, স্কুল ও মাদ্রাসা পর্যায়ের ছাত্র/ছাত্রীদের মানসিক বিকাশের লক্ষ্যে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করা বিশেষ প্রয়োজন। এ ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন ও বিভিন্ন ব্যয় নির্বাহের জন্য ইতিপূর্বেও উপজেলা রাজস্ব তহবিল হতে অর্থ প্রদান করা হতো। ৫২ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমিতির শীতকালীন খেলাধুলা প্রতিযোগিতা ২০২৪ আয়োজনের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা যেতে পারে।</td>
<td>ব্যয় নির্বাহের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। যার বিল-ভাউচার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।</td>
<td>অফিসার,<br>হরিপুর<br>৩.উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,<br>হরিপুর।</td>
</tr>
<tr>
<td>প্রকৌশলি দপ্তর</td>
<td>উপজেলা প্রকৌশরি সভায় জানান, অত্র দপ্তরের দিন দিন কাজের গতি বাড়ছে। ৩৫ টি স্কুলের বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ শেষ হয়েছে। নীলগাও ব্রীজের জটিলতা ছিল সেটির জটিলতা নিরসন করে কাজ চালু করা হয়েছে। যাদুরানী হাটের গরু হাট ও ধান হাট এইচ. বি. বি. করা একান্ত জরুরী প্রয়োজন। হরিপুরের শিশু পার্কটি কিভাবে উন্নত করা যায় সেই বিষয়ে সকলের পরামর্শ ও সহযোগিতা কামনা করেন। উপজেলা থেকে ধীরগঞ্জ হাট পর্যন্ত রাস্তাটি আকাঁ-বাঁকা অবস্থায় রয়েছে এই রাস্তাটি সোজা করা প্রয়োজন এবং এই রাস্তাটি প্রশস্তকরনের জন্য রাস্তার দুই পাশের গাছগুলো কাটা প্রয়োজন এই বিষয়ে তিনি জাতীয় সংসদ সদস্যের দৃষ্টি আকর্ষন করেন। এবং অন্যান্য প্রকল্পের আওতায় সকল রাস্তার কাজ চলমান রয়েছে।<br><br>সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের ইউডিএফ মোঃ আক্তারুজ্জামান উপজেলা প্রকৌশলির মাধ্যমে সভায় জানান যে, অবকাঠামো উন্নয়ন মূলক কাজঃ ১. হরিপুর বাজারে আর সিসি বক্স ড্রেন তৈরি। ২. বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসা পর্যায়ে প্লাস্টিকের উচু-নিচু বেঞ্চ সরবরাহ সফল ভাবে সম্পন্ন হয়েছে। এ জন্য তিনি উপজেলা পরিষেদের সকলকে ধন্যবাদ দেন ও বাস্তবায়িত প্রকল্পের বিল অনুমোদন ও ছাড় করনের প্রস্তাব উত্থাপন করেন। অবকাঠামো উন্নয়ন মূলক কাজের খরচ নিম্নরূপঃ
<table>
<tr><th rowspan="2">উপজেলা, জেলা</th><th rowspan="2">উপ-প্রকল্পের নম্বর</th><th colspan="4">পরিশোধযোগ্য মোট বিলের পরিমান (টাকা)</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>ভ্যাট ও আয়কর ব্যতীত বিল (টাকা)</th><th>ভ্যাটের পরিমাণ (টাকা)</th><th>আয়করের পরিমান (টাকা)</th><th>ভ্যাট ও আয়কর সহ মোট বিল (টাকা)</th></tr>
<tr><td>হরিপুর, ঠাকুরগাঁও</td><td>INF ২০২১-২২-৫৫৯৪৫১-01</td><td>২৭,০৫,১২২/-</td><td>২,২৩,৭৫৩/-</td><td>৯০,৭০১/-</td><td>৩০,২৩,৩৭৬/-</td><td></td></tr>
<tr><td>হরিপুর, ঠাকুরগাঁও</td><td>INF ২০২১-২২-৫৫৯৪৫১-02</td><td>১৯,৯৩,৪১৯/-</td><td>৩,৬৪,৬৫০/-</td><td>৭২,৯৩০/-</td><td>২৪,৩০,৯৯৯/-</td><td></td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৪৬,৯৯,০৬১/</td><td>৫,৯১,৪০৩/</td><td>১,৬৩,৬৩১/-</td><td>৫৪,৫৪,৩৭৫/-</td><td></td></tr>
</table>
এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিষয়টি উপজেলা পরিষদের সভায় সাদরে অনুমোদিত হয় ও চূড়ান্ত অনুমোদনের জন্য বিল ভাউচার PMU ঢাকা তে প্রেরণের জন্য সিধান্ত গৃহীত হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।</td>
<td>অবকাঠামো উন্নয়ন মূলক কাজের বিল ভাউচার ছাড় করতে PMU ঢাকা তে প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ করতে হবে।</td>
<td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর।</td>
</tr>
<tr>
<td></td>
<td>উপজেলা প্রকৌশরি সভায় আরও জানান যে, পুরাতন উপজেলা পরিষদ ভবন মেরামত এবং উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তা মেরামত করণের জন্য বরাদ্দ ও অনুমতি পাওয়া গেছে। তাই মাসিক সভার সিধান্ত মোতাবেক উক্ত প্রকল্পগুলো বাস্তবায়ন করা যেতে পারে।</td>
<td>স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের পর উক্ত প্রকল্পগুলো বাস্তবায়ন করা হলো।</td>
<td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | | ৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, সামনে জয় সেট সেন্টারের কাজ শুরু হচ্ছে। এটি হলে এলাকার সুবিধা হয়। এছাড়াও অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, হরিপুর। |
| জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, টিউবওয়েলের ঠিকাদার নির্বাচন করা হয়েছে। কিন্তু মালামাল এখনো আসেনি। আগের বরাদ্দের সবগুলো দেওয়া হয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর হরিপুর. |
| উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর। |
| যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের ঋণ ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় সমবায় বিভাগে সমবায় সমিতি অডিট নিষ্পন্ন, প্রশিক্ষণ চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর। |
| খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র উপজলায় এখন আমন ধান সংগ্রহ চলমান রয়েছে। এখন বাজার দর বেশি তাই ধান সংগ্রহ করা যাচ্ছে না। এছাড়াও অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর। |
| পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা(ভাঃ) সভায় জানান যে, হরিপুর উপজেলার অর্থনৈতিক শুমারীর তথ্য সংগ্রহের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হবে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তেমন কোন সমস্যা নেই | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর। |
| আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ড্রাইভিং প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী পাঠানো হয়েছে। ফ্রিজ মেরামতের প্রশিক্ষণার্থী ও দ্বাদশ নির্বাচনের বিল পাঠানা হয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর। |
| প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, নতুন কোন বরাদ্দ নেই। পুরাতন বরাদ্দের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও অত্র দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্র বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর। |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, জানুয়ারি/২০২৪খ্রিঃ মাসে মা ও শিশু সহায়তা কার্যক্রম এর তালিকা দেওয়া হয়নি। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করা হয়। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষ কর্মকর্তা, হরিপুর। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, প্রশিক্ষণ ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও অত্র দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| স্যাটেলম্যান্ট বিভাগ | সহকারী স্যাটেলম্যান্ট কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র উপজেলায় জমি জমার সমস্যা রয়েছে। সেগুলো সমাধান করতে হবে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী স্যাটেলম্য অফিসার, হরিপুর। |
| বন বিভাগ | ফরেস্টার,সদর নার্সারী সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার, নার্সারী, হরিপুর। |
| বরেন্দ্র | সহকারী প্রকৌশলী বিএমডিএ সভায় জানান, সেচ কমিটির সভা করে অপেক্ষমান আবেদনগুলো | দাপ্তরিক কার্যক্রমের ধারা | সহকারী |

| | | | |
|---|---|---|---|
| [illegible] | নিষ্পন্ন করতে হবে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | অব্যাহত রাখতে হবে। | প্রকৌশলী বিএমডিএ, হরিপুর। |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, হরিপুরের প্রিক লাইটগুলোর নষ্ট এজন্য মেরামত করার লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ তালিকা চেয়েছে। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প... দাঃ বিঃ ফা... কর্মকর্তা, হরিপুর। |
| তথ্য আপা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, প্রতিমাসে তিনটি উঠান বৈঠক হয় এইমাসে বৈরী আবহাওয়ার কারণে সম্ভব হয়নি। আগামী মার্চ মাসের ০৩ তারিখে মহিলা উদ্যোক্তার উঠান বৈঠক করা হবে এজন্য ৫০ জন নারী উদ্যোক্তা প্রয়োজন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, হরিপুর। |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | সহকারী জেনারেল ম্যানেজার, হরিপুর সাব জোনাল অফিস, ঠাকুরগাঁও সভায় জানান, একটা সাধারণ সমস্যা হলো বিদ্যুৎ লাইন সংযোগের সময় জমির দলিল মালিকানা নিয়ে জটিলতা। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | পল্লী বিদ্যুৎ বিভাগ, হরিপুর। |
| মাননীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২ | মাননীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২ সভায় জানান, ধীরগঞ্জ ব্রীজ ও চেকপোস্ট রাস্তার লাইসেন্স কার তা জানতে চান। যে সমস্ত রাস্তার কাজ ধীরগতিতে চলমান তাদের (ঠিকাদার) তালিকা যেন জমা দেওয়া হয়। হরিপুরের প্রত্যেক রাস্তা পাকা করা হবে। এবং অত্র উপজেলায় পৌরসভা স্থাপন করতে হবে। স্যাটেলম্যান্ট অফিসকে দালালমুক্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করেন। এছাড়া হরিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যে সকল নিয়োগপ্রাপ্ত নার্স ও পরিচ্ছন্নতা কর্মী প্রেষণে বাহিরে কর্মরত আছে তাদের দ্রুত প্রেষণ বাতিল করে হরিপুরে ফিরিয়ে আনার উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে জানান। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পর্যায়ের সব দপ্তর প্রধান |
| চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা চেয়ারম্যান সভায় জানান, হরিপুরকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তুলতে হবে। সেজন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। অত্র উপজেলায় স্বাগতম গেইটগুলো নির্মাণ করতে মাননীয় সংসদ সদস্যকে অনুরোধ করেন। হরিপুরকে স্মার্ট হিসেবে গড়ে তোলার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পর্যায়ের স... দপ্তর প্রধান |
| উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, সামনে বর্ষা তাই রাস্তার কাজ নিয়ে ফেলে রাখলে পরবর্তীতে ব্যাঘাত ঘটবে। হাসপাতালে ০৫ পোস্টে পরিচ্ছন্নতা কর্মী থাকার কথা থাকলেও বর্তমানে কতজন কর্মে আছে তা জানতে চান। কমপক্ষে ০১ জন পরিচ্ছন্নতা কর্মীর ব্যবস্থা করতে হবে। আনসারদের শেড তৈরির জন্য কাজ করা হচ্ছে। যেখানে সেখানে অবৈধভাবে যেন বিদ্যুৎ ব্যবহার করা না হয়ে সেজন্য বিদ্যুৎ বিভাগকে অবহিত করেন। এছাড়াও তিনি দ্বাদশ জাতীয় সংসদের নির্বাচনী ইশতেহার দেখে সকল দপ্তর প্রধানকে কর্ম পরিকল্পনা গ্রহণ করতে অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পর্যায়ের স... দপ্তর প্রধা... |
| ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, যেহেতু হাসপাতলে পরিচ্ছন্নতা কর্মী ছিল না তাই আগে উপজেলা থেকে ব্যবস্থা করা হয়েছিল বর্তমানে কি অবস্থা তা জানতে চান। হাসপাতালে নতুন পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের উদ্যোগ গ্রহণ করতে হবে। শীত বস্ত্রের বরাদ্দ আরো বাড়ানো উচিত। শীতের এলাকায় কেন বেশি শীতবস্ত্র বরাদ্দ দেয়া যাবে না তা জনতে চান। এছাড়াও তিনি হরিপুরের প্রবেশ গেইটগুলো নির্মাণের জন্য অনুরোধ জানানা। | রাস্তাগুলোর কাজ দ্রুত শেষ করতে হবে। | উপজেলা প্রকৌশলী হরিপুর |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) সভায় জানান, অত্র উপজেলায় যেহেতু কালভার্টের কাজ শুরু হয়েছে তা যেন থেমে না থাকে সে আশাবাদ রাখেন। হাসপাতালের বিষয়টা গুরুত্ব সহকারে দেখার দরকার আছে। হরিপুরের মানুষের বিনোদনের জন্য একটা পার্ক থাকা একান্ত প্রয়োজন সেজন্য সকলের সহযোগিতা কামনা করেন। যে রাস্তাগুলোর টেন্ডার হয়েছে সেগুলোর কপি মাননীয় সংসদ সদস্যকে দিতে অনুরোধ করেন। | সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের স... দপ্তর প্রধা... |
| মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার (সাবেক) | উপজেলা মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার(সাবেক) সভায় জানান, হাসপাতালে মুক্তিযোদ্ধাদের সেবার মান বাড়ানো দরকার। যাতে যে কেউ অসুস্থ হলে সাথে সাথে চিকিৎসার ব্যবস্থা করা যায়। এই পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উক্ত সমস্যাগুলো সমাধান করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি সভায় জানান, শীত এবার অনেক বেশি এজন্য আরো কম্বল প্রয়োজন। বিদ্যালয়ের ভবনগুলো উন্নত করা প্রয়োজন। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যা... নং গেদুড়... ইউপি |
| চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি সভায় জানান, যাদুরানী হাটে ড্রেনের ও ছাগলহাটিতে সমস্যা রয়েছে। সেগুলো মেরামত করা প্রয়োজন। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্য... নং আম... ইউপি |
| চেয়ারম্যা | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি সভায় জানান, ঠাকুরঠাকুর ব্রীজটা না থাকার কারণে অনেকে | দাপ্তরিক কার্যক্রমের ধারা | চেয়ারম্যা |

| | | | |
|---|---|---|---|
| ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | দুর্ঘটনার শিকার হচ্ছে। জরুরী ভিত্তিতে এটি নির্মাণ করা প্রয়োজন। যাদুরানী থেকে চাপধার রাস্তা প্রশস্ত করা প্রয়োজন। আনসার ভিডিপির মোটর ভিউটি সমানভাবে দেওয়া প্রয়োজন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অব্যাহত রাখতে হবে। | নং বকুয়া ইউপি |
| চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি সভায় জানান, ডাঙ্গীপাড়া বহতি মাঝখানে ১.৫ কিলোমিটার রাস্তা নেই। বারাডাঙ্গী থেকে রামপাতাল/ বীরগড় থেকে বাঙ্গাল রাস্তা প্রয়োজন। পতনডোবা থেকে কাঠালডাঙ্গী হয়ে মন্ডলপুর পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন। এছাড়াও ডাঙ্গীপাড়াতে ভূমি অফিস হয়েছে কিন্তু তার দাপ্তরিক কার্যক্রম এখনো শুরু হয়নি। এছাড়াও অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি |
| চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি সভায় জানান, হরিপুরের খোলড়া ব্রীজটিতে একটু বৃষ্টি হলে ফসল নষ্ট হয়। কালীগঞ্জ ধান হাটে বীজ বিক্রি হয় ফলে ধান সংগ্রহকারীদের সমস্যা হচ্ছে। এছাড়াও তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি |
| চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি সভায় জানান, কুন্ডডাঙ্গীর বাকী রাস্তাটুকু পাকাকরণ জরুরী প্রয়োজন। মাগুরার রাস্তাটি ১১০০ মিটার পাকা হলে সুবিধা হতো। খাদ্য বান্ধব সূচির আলোকে অনেক গরিব পরিবার চাল পাচ্ছে না। এছাড়া ভাতুরিয়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি |

**০৩। বিবিধঃ**

০১। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে ফেব্রুয়ারি/২০২৪ খ্রিঃ মাসে অতিথি আপ্যায়ন খাতে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) এবং আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০২। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে জানুয়ারি/২০২৪খ্রিঃ মাসে ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৩। আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, ডিসেম্বর থেকে জানুয়ারি/২০২৪খ্রিঃ মাসে অত্র উপজেলা পরিষদের আমাইদিঘী পুকুরের চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত : | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের আমাইদিঘী পুকুরের চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

(০৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, উপজেলা পরিষদ অফিসের কম্পিউটারটি কিছুদিন থেকে প্রায় ব্যবহার অনুপযোগি হয়ে গেছে। যার কারণে অফিস পরিচালনা করা সার্বিভাবে কার্যক্রমের জন্য সমস্যা হচ্ছে। তাই এই কম্পিউটারটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ৫ মোতাবেক উপজেলা পরিষদ অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত বাবদ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। উপজেলা পরিষদ অফিসের কম্পিউটারটি মেরামত বাবদ =১৫,০০০/- (পনের হাজার) টাকা ব্যয় হয়েছে। যা উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।

| সিদ্ধান্ত : | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ অফিসের কম্পিউটার মেরামত বাবদ ১৫,০০০/-(পনের হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৫) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদ জীপগাড়ির ডিসেম্বর/২০২৩খ্রিঃ মাসে জ্বালানী বিল বাবদ ২৬,৬৭১/- (ছাব্বিশ হাজার ছয়শত একাত্তর) টাকা প্রদান করা হয়েছে যা অদ্যকার সভায় অনুমোদন করা প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ভ্রমন বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত : | বাস্তবায়নে- |
|---|---|

| | |
|---|---|
| উপজেলা পরিষদ জীপগাড়ির ডিসেম্বর ২০২৩খ্রিঃ মাসের জ্বালানী ব্যয় বিল ২৬,৬৭১/- (ছাব্বিশ হাজার ছয়শত একাত্তর) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(০৬) জনাব মোঃ সোহেল রানা, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে সভায় জানান, অত্র উপজেলা পরিষদের মেইন ও পানির পাম্প হাউজ সহ ০২টি বৈদ্যুতিক মিটারের জুলাই হতে ডিসেম্বর ২০২৩ মাস পর্যন্ত ০৬(ছয়) মাস পর্যন্ত বিদ্যুৎ বিল অত্রাফিসে দাখিল করেছেন। উপজেলা পরিষদ মেইন মিটারের বিদ্যুৎ ব্যয় জুলাই হতে ডিসেম্বর ২০২৩ মাস পর্যন্ত ৩,৯৬,৫৪০/- (তিন লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত চল্লিশ টাকা মাত্র) এবং উপজেলা পরিষদ পানির পাম্প হাউজ মিটারে জুলাই হতে ডিসেম্বর ২০২৩ মাস পর্যন্ত ব্যয় ৬৫,২৬৮/- (পঁয়ষট্টি হাজার দুইশত আটষট্টি) টাকার ব্যয় পরিশোধ করতে হবে। যা অদ্যকার সভায় তা অনুমোদন হওয়া প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ মেইন মিটারের বিদ্যুৎ ব্যয় জুলাই হতে ডিসেম্বর ২০২৩ মাস পর্যন্ত ৩,৯৬,৫৪০/- (তিন লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত চল্লিশ টাকা মাত্র এবং উপজেলা পরিষদ পানির পাম্প হাউজ মিটারে জুলাই হতে ডিসেম্বর ২০২৩ মাস পর্যন্ত মাত্র ৬৫,২৬৮/- (পঁয়ষট্টি হাজার দুইশত আটষট্টি টাকার ব্যয় বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(০৭) জনাব মোঃ সোহেল রানা, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে সভায় জানান, অত্র উপজেলা পরিষদের ০৩টি টেলিফোন নম্বরের জুলাই, ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত ব্যয় বিল পরিশোধ করতে হবে। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিসের টেলিফোন নম্বর ০২৫৮৯৯৩৩৫০১ এর ব্যয় বাবদ ১,০৬৮/- এক হাজার ছেষট্টি টাকা মাত্র), উপজেলা চেয়ারম্যান মহোদয়ের টেলিফোন নম্বর ০২৫৮৯৯৩৩৫০৬ এর ব্যয় বাবদ ১,০৩৮/-(এক হাজার আটত্রিশ টাকা মাত্র) এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসার টেলিফোন নম্বর ০২৫৮৯৯৩৩৫০৪ এর ব্যয় বাবদ ১,০৩৮/-(এক হাজার আটত্রিশ টাকা মাত্র)) টাকার ব্যয় বিল পরিশোধ করতে হবে। যা অদ্যকার সভায় তা অনুমোদন হওয়া প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদে ব্যবহৃত ০৩টি টেলিফোন নম্বরের সর্বমোট ব্যয় ৩,১৪২/-(তিন হাজার একশত বিয়াল্লি) টাকার ব্যয় বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(০৮) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, অক্টোবর থেকে ডিসেম্বর-২০২৩, মাসের ভ্রমন বিল বাবদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয়ের ২৮,৭৫০/-(আটাশ হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র), অক্টোবর থেকে ডিসেম্বর, ২০২৩, মাসের ভ্রমন বিল বাবদ ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ২১,৫০০/-(একুশ হাজার পাঁচশত টাকা মাত্র) এবং অক্টোবর, থেকে ডিসেম্বর, ২০২৩, মাসের ভ্রমন বিল বাবদ মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ২০,৫০০/-(বিশ হাজার পাঁচশত টাকা মাত্র) যার সর্বমোট ভ্রমণ ব্যয় বিল ৭০,৭৫০/-(সত্তর হাজার সাতশত পঞ্চাশ) টাকার বিল পরিশোধ করা হয়েছে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ভ্রমন বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অক্টোবর থেকে ডিসেম্বর ২০২৩খ্রিঃ, ভাইস চেয়ারম্যান মহোদয়ের অক্টোবর থেকে ডিসেম্বর ২০২৩খ্রিঃ মাসের ভ্রমণ ব্যয় বিল এবং মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের অক্টোবর থেকে ডিসেম্বর, ২০২৩ মাসের ভ্রমন বিল বাবদ সর্বমোট ভ্রমণ ব্যয় বিল ৭০,৭৫০/-(সত্তর হাজার সাতশত) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

(০৯) চেয়ারম্যান উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, সামনে যেহেতু একুশে ফেব্রুয়ারি-শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস তাই এই দিনটি যথাযথভাবে পালনের জন্য উপজেলা পরিষদের শহীদ মিনারটি জরুরী ভিত্তিতে মেরামত ও রংকরণ করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ক মোতাবেক উপজেলা পরিষদ ভবন ও স্থাপনাদি মেরামত/সংরক্ষণ/রংকরণ বাবদ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদ করা যেতে পারে। উপজেলা পরিষদের শহীদ মিনারটি মেরামত ও রংকরণ সংক্রান্ত প্রাক্কলন তৈরির জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে |
|---|---|
| উপজেলা পরিষদের শহীদ মিনারটি মেরামত ও রংকরণ সংক্রান্ত প্রাক্কলন তৈরির জন্য উপজেলা প্রকৌশলিকে অনুরোধ জানানো হলো | ১। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২.০১.২০২৪

মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
হরিপুর, ঠাকুরগাঁও।

তারিখঃ ২২/০১/২০২৪খ্রিঃ

স্মারক নং- ০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২৩-৬৯

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, ৪ ঠাকুরগাঁও-২
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৬। উপজেলা ..........................................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
০৭। চেয়ারম্যান ..........................................................(সকল) ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও।

22/01/2024

উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।